

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৮২৮

পর্ব-১৯: জিহাদ (الجهاد)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

الفَصْلُ الثَّانِي

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا يَلْجُ النَّارَ مَنْ بَكَى مِنْ خَشْيَةِ اللَّهِ حَتَّى يَعُودَ الْبَنُونَ فِي الصَّرْعِ وَلَا يَجْتَمِعُ عَلَى عَبْدٍ غُبَارٌ فِي سَبِيلِ اللَّهِ وَدُخَانٌ جَهَنَّمَ» . رَوَاهُ التَّرْمِذِيُّ وَزَادَ النَّسَائِيُّ فِي أُخْرَى: «فِي مَنْخَرِيِّ مُسْلِمٍ أَبَدًا» وَفِي أُخْرَى: «فِي جَوْفِ عَبْدٍ أَبَدًا وَلَا يَجْتَمِعُ الشُّحُّ وَالْإِيمَانُ فِي قَلْبِ عَبْدٍ أَبَدًا»

বাংলা

৩৮২৮-[৪১] আবু হুরায়রাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে লোক আল্লাহর ভয়ে ভীত হয়ে ক্রন্দন করে, তার জন্য জাহানামে প্রবেশ করা অসম্ভব, যেমনিভাবে দোহনকৃত দুধ পুনরায় স্তনে প্রবেশ করানো অসম্ভব। আর কোনো বান্দার শরীরে লেগে থাকা ধূলাবালু এবং জাহানামের ধোঁয়া কশ্মিনকালেও মিলিত হতে পারে না।

ইমাম নাসায়ী (রহঃ) অপর হাদীসে অতিরিক্ত বর্ণনা করেন যে, কোনো মুসলিমের নাকের অভ্যন্তরে আল্লাহর পথে ধূলাবালু ও জাহানামের ধোঁয়া কক্ষনো একত্রিত হবে না। নাসায়ীর অন্য এক বর্ণনায় আছে, (সেটা) কোনো বান্দার নাকে কক্ষনো একত্রিত হতে পারে না। অনুরূপ কোনো বান্দার হৃদয়ে ঈমান ও কৃপণতা কক্ষনো একত্রিত হতে পারে না।[1]

ফুটনোট

[1] সহীহ : নাসায়ী ৩১০৮, তিরমিয়ী ১৬৩৩, মুসনাদ আহমাদ ১০৫৬০, সহীহ আল জামি' ৭৭৭৮, সহীহ আত্ম তারগীব ১২৬৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আলোচ্য হাদিসটিতে আল্লাহর রাস্তায় অটল থেকে জিহাদ করার ফয়েলত বর্ণনা করা হয়েছে।

(لَا يَلْجُ النَّارَ مَنْ بَكَىٰ مِنْ خَشْيَةِ اللَّهِ حَتَّىٰ) এর অর্থ হলো ঐ ব্যক্তি জাহানামে প্রবেশ করবে না যে আল্লাহর ভয়ে কেঁদেছে। মূলত আল্লাহর ভয়ে কাঁদা বলতে আল্লাহর বিধি-বিধান যথাযথ পালন করা এবং তাঁর নাফরমানী থেকে বিরত থাকা উদ্দেশ্য। আর প্রকৃতপক্ষে যে এরূপ করে সেই আল্লাহর ভয়ে কাঁদে। (তুহফাতুল আহওয়ায়ী ৫ম খন্ড, হাঃ ১৬৩৩)

(حَتَّىٰ يَعُودَ الْبَنُونِ فِي الضَّرَبِ) এ বাক্যে দোহনকৃত দুধ পুনরায় উট বা গাভীর স্তনে ফিরে যাওয়া অসম্ভব হওয়ার বিষয়টি তুলে ধরে উপমা পেশ করা হয়েছে যে, আল্লাহর ভয়ে যে কাঁদে তার জাহানামে প্রবেশ করাও তদ্বপ অসম্ভব। আর এ বাক্যটি কুরআনের নিমেগাত্ত আয়াতের অনুরূপ : অর্থাৎ- “আর তারা জান্নাতে প্রবেশ করবে না, যতক্ষণ না উট সুইয়ের ছিদ্র দিয়ে প্রবেশ করে। আর এভাবেই আমি পাপীদের প্রতিদান দেই”- (সূরা আল আ’রাফ ৭ : ৪০)। (তুহফাতুল আহওয়ায়ী ৫ম খন্ড, হাঃ ১৬৩৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69155>

৬ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন